৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা) ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২৭ মার্চ ২০২২ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩.০০ টায় |
| স্থান | এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি এনটিআরসিএ APA-র কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এবং এপিএ'র ফোকাল পয়েন্ট ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-র ৩য় কোয়ার্টারের অগ্রগতি এবং এনটিআরসিএ কর্তৃক APA এর কর্মসম্পাদন সূচকের মানের প্রকৃত অর্জন সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীদের নিকট হতে Online এ আবেদন গ্রহণ | ফোকাল পয়েন্ট জানান, শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ এবং প্রার্থীদের নিকট থেকে Online আবেদন গ্রহণের জন্য অসাধারণ লক্ষ্যমাত্রা হিসেবে ১০ লক্ষ আবেদন গ্রহণের লক্ষ্যমাত্রা আছে। ১৭তম নিবন্ধন পরীক্ষার জন্য ২৩ জানুয়ারি ২০২০ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১১,৭২,২৮৬টি আবেদন পাওয়া যায়। কিন্তু কোভিডের কারণে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। পরবর্তীতে গত ৩১/০৫/২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্রের মাধ্যমে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদের বিষয় ১৭তম নিবন্ধন পরীক্ষায় অন্তর্ভূক্ত করার নির্দেশনার প্রেক্ষিতে উক্ত ২টি পদের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে। তাতে ২১,৬৯২ টি আবেদন পাওয়া গেছে। ১৭তম নিবন্ধন পরীক্ষার সকল আবেদন এক সাথে বিবেচনা করলে পূর্ণমান পাওয়া যাবে। | শিক্ষক নিবন্ধন পরীক্ষার অনলাইন আবেদন গ্রহণের প্রাপ্ত সংখ্যার ভিত্তিতে মান নির্ধারণ করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ০২. ২০২১-২২ অর্থবছরের প্রধান অগ্রগতি | ফোকাল পয়েন্ট জানান, ২০২১-২০২২ অর্থবছরের এপিএ-র নিম্নবর্ণিত অগ্রগতি হয়েছে:-<br>1. তৃতীয় গণবিজ্ঞপ্তি-২০২১ তে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন চলমান অবস্থায় রেখে ৩৪,১৮৯ জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়েছে।<br>2. ১৫,১৬৩ টি শূন্য পদ পূরণের লক্ষ্যে বিশেষ গণবিজ্ঞপ্তি-২০২২ প্রকাশ করা হয়েছে।<br>3. সেসিপ এর শূন্য পদের চাহিদার ভিত্তিতে গত ১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি: তারিখে ৪৭১ জন এবং ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি: তারিখে ১২০ জনকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। বর্তমানে উক্ত প্রার্থীদের পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশনের কাজ চলমান রয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য সর্বাধিক গুরুত্ব প্রদান করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ এবং শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা |
| ০৩. প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ | সচিব, এনটিআরসিএ জানান, প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণের জন্য এপিএ-এর সকল ত্রৈমাসিক রিপোর্ট যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। অত্র অফিসের এপিএ টিমের মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভায় এনটিআরসিএ'র সামগ্রিক অফিসিয়াল কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করার জোর তাগিদ প্রদান করা হয়। মোট নথির শতকরা ৮০ ভাগ কাজ ই-নথিতে সম্পন্ন করতে হবে। কর্মসম্পাদন সূচকের মান অর্জন করার লক্ষ্যে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | বার্ষিক কর্মসম্পাদনের বিভিন্ন ক্ষেত্রে প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা এবং দক্ষতা নিশ্চিত করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |
| ০৪. আর্থিক ও সম্পদ ব্যবস্থার উন্নয়নে অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম | APA সূচকের মান শতভাগ অর্জনের লক্ষ্যে আর্থিক ও সম্পদ ব্যবস্থার উন্নয়নে অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সদস্য (অর্থ ও প্রশাসন) সভাকে অবহিত করেন যে, এনটিআরসিএ-তে মোট ৫৪ টি অডিট আপত্তি ছিল। যার মধ্যে ১৮ টি আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৩৬ টি অডিট আপত্তির মধ্যে ১৯ টি আপত্তি নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত হয়েছে। দ্বিপক্ষিয় ও ত্রিপাক্ষিক সভার মাধ্যমে দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | সম্ভাব্য দ্রুত সময়ে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপাক্ষিক ও ত্রি-পাক্ষিক সভার আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ |
| ০৫. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র সুশাসন ও সংস্কার বিষয়ে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনায় এনটিআরসিএ কর্তৃক বেশ কয়েকটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নতুন উদ্ভাবনের অংশ হিসেবে সনদ যাচাই প্রতিবেদনে QR কোড ব্যবহার চালু হয়েছে। সেবা সহজীকরণের অংশ হিসেবে সনদ সংশোধনের ক্ষেত্রে পত্রে স্মারক নম্বর ব্যবহার শুরু হয়েছে। সেবা সহজিকরণের অংশ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানকে মোবাইল SMS এর মাধ্যমে ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়ার জন্য জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন করার জন্য এনটিআরসিএ'র ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়া পরীক্ষকদের ডাটা অনলাইনে আপডেটকরণ, তথ্য বাতায়নে বার্ষিক প্রতিবেদন, লিফলেট প্রকাশ নির্ধারিত সময়ের মধ্যে করা হয়েছে। কর্মসম্পাদনের সূচকের মানে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা অধিকাংশ ক্ষেত্রেই অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ইনোভেশন টিম, এনটিআরসিএ, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশলের অংশ হিসেবে নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। এ পর্যন্ত তিনটি নৈতিকতা কমিটির সভা হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনদের সাথে এ পর্যন্ত তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভা বাস্তবায়নের জন্য শুদ্ধাচার কমিটি ইতিমধ্যে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও-এ মতবিনিময় সভার আয়োজন সম্পন্ন করেছে এবং ধামরাই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ধামরাই উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং অন্যান্য অংশীজনের সাথে মতবিনিময় সভা এবং গণশুনানীর আয়োজন সম্পন্ন করা হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণও চলমান রয়েছে। বিভিন্ন সময়ে এনটিআরসিএ কর্তৃক গণশুনানী কার্যক্রম চলমান রয়েছে এবং এ পর্যন্ত দুটি গণশুনানীর আয়োজন করা হয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের উদ্দেশ্যেসমূহ অব্যাহত রাখতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, এনটিআরসিএ, ঢাকা। |
| ০৭. অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোচনা | অভিযোগ প্রতিকার ব্যবস্থার ফোকাল পয়েন্ট ও অনিক জানান, সেবা প্রত্যাশীদের সেবা প্রদানে কোন রকমের গাফিলতির পরিপ্রেক্ষিতে যদি সেবা কার্যক্রম ব্যাহত হয় এবং কোন অভিযোগ আসে তবে সে ক্ষেত্রে এনটিআরসিএ কর্তৃপক্ষ তা আলোচনা করে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করবে। যাতে সেবাগ্রহীতা তার অভিযোগের সুষ্ঠু সমাধান পান। ফোকাল পয়েন্ট জানান, অনলাইনে প্রায় ২০টি অভিযোগের প্রতিকার করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সঙ্গে অবহিতকরণ কর্মশালা গত ২৯ মার্চ ২০২২ খ্রি: তারিখে ঢাকা জেলার ধামরাই উপজেলায় অনুষ্ঠিত হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই কর্মসম্পাদন সূচকে অর্জিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। | অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেক হোল্ডারদের সাথে ধারাবাহিকভাবে মতবিনিময় সভা করতে হবে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি, এনটিআরসিএ, ঢাকা। |
| ০৮. সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবা প্রত্যাশীদের জন্য নতুন ডিজিটাল সেবা চালু | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট জানান, কর্মসম্পাদন সূচকের মান শতভাগ পূরণে কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধিকল্পে এনটিআরসিএ কর্তৃক সেবা প্রত্যাশীদের জন্য নতুন ডিজিটাল সেবা চালু করা হয়েছে, যেমন-<br>(ক) পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের অধীনে সনদ সংশোধনে ডিজিটাল পদ্ধতি চালু করা হয়েছে;<br>(খ) ডুপ্লিকেট সনদে ডিজিটাল ব্যবস্থা চালু হয়েছে।<br>(গ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চাহিত আবেদনের প্রেক্ষিতে প্রায় এ পর্যন্ত ৫২৮টি শিক্ষা প্রতিষ্ঠানকে মোবাইল এস.এম.এস এর মাধ্যমে অত্র দপ্তর হতে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে।<br>উপরোক্ত লক্ষ্য পূরণে সেবা প্রত্যাশীদের সেবা সহজীকরণের জন্য- বিশেষ করে যারা প্রশ্ন প্রণয়ন করেন তাদেরকে ইএফটির মাধ্যমে টাকা প্রদানের মাধ্যমে সেবা সহজীকরণ করা হয়েছে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক এ পর্যন্ত মোট ০৩টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। | নতুন ডিজিটাল সেবা সমূহের কার্যকারিতা সময়ে সময়ে পরীক্ষা করে ত্রুটি থাকলে তা সংশোধন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, এনটিআরসিএ, ঢাকা। |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EKkhan
২৫/৪/২০২২
মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.১৩.০০১.২০.৬৪ তারিখ: ৮ বৈশাখ ১৪২৯

২১ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩) পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৫) উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৬) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৭) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৮) সহকারী পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৯) সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-২) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

১০) সহকারী পরিচালক (হি. নি.), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

১১) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

১২) সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

মোঃ শাহীন আলম চৌধুরী
উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)